# বিদ্যুৎ বিভাগের আইসিটি এবং উদ্ভাবনী বিষয়সমূহের ক্ষেত্রে কার্যক্রম

## ভূমিকা

বর্তমান সরকার রূপকল্প ২০২১-এর মাধ্যমে ২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ-সুবিধা নিশ্চিত করার পরিকল্পনা বাস্তবায়নের জন্য বিদ্যুৎ বিভাগ কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদন বাড়ানো সহ সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা উন্নয়নের জন্য এ বিভাগ সর্বান্তকরণে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থায় শৃঙ্খলা ও গতি আনয়নের জন্য এ খাতে তথ্য-প্রযুক্তির ব্যবহার বাড়ানোর জন্য বিদ্যুৎ বিভাগ ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছে। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহও তথ্য-প্রযুক্তির ব্যবহার বাড়ানোর জন্য কাজ করে যাচ্ছে, যা এ বিভাগ সমন্বয় ও তদারক করছে।

বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহে মূলতঃ যে সকল বিষয়ে তথ্য-প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে, সেগুলো হচ্ছে:

- জনবল ব্যবস্থাপনা
- বাস্তবায়নাধীন প্রকল্প মনিটরিং
- উৎপাদন ব্যবস্থাপনা
- বিতরণ ব্যবস্থাপনা
- গ্রাহক ব্যবস্থাপনা
- নতুন সংযোগের আবেদন ব্যবস্থাপনা
- বিদ্যুৎ বিল পরিশোধ ব্যবস্থাপনা
- স্টোর ব্যবস্থাপনা
- নথি ব্যবস্থাপনা

সর্বোপরি, বিদ্যুৎ বিভাগ একটি এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং সফটওয়্যার (ইআরপি) সংগ্রহের কার্যক্রম শুরু করেছে, যা সফল হলে সকল কার্যক্রমকে এর আওতায় নিয়ে আসা সম্ভব হবে বলে আশা করা যায়। এ জন্য পৃথক ডাটা সেন্টার ও ব্যাক-আপের ব্যবস্থা করা হবে। এ কাজের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য পরামর্শক নিয়োগ করা হয়েছে। এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং সফটওয়্যার (ইআরপি) সংগ্রহ এবং অবকাঠামো ও জনবল উন্নয়নের কাজ শীঘ্রই শুরু করা সম্ভব হবে বলে আশা করা যায়।

এ ছাড়া ভবিষ্যতে স্মার্ট-গ্রিড বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রায় সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিতে অনলাইনে বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ শুরু হয়েছে। এর মাধ্যমে বিদ্যুৎ অফিসে না গিয়েও গ্রাহক ইন্টারনেটের মাধ্যমে বিদ্যুৎ সংযোগের আবেদন করতে পারেন। এ পদ্ধতিতে আবেদনপত্র দপ্তরে প্রক্রিয়াধীন থাকা অবস্থায় কাজের অগ্রগতির তথ্য প্রতিটি ধাপে গ্রাহক মোবাইলে এসএমএস বা ই-মেইলে স্বয়ংক্রিয়ভাবে বার্তা পাবেন। এর ফলে হয়রাণি ও দুর্নীতি কমছে।


মোটকথা, বিদ্যুৎ উৎপাদন বাড়ানো এবং সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা উন্নয়নের পাশাপাশি এ খাতে সম্পূর্ণ ই-গভর্নেন্স বাস্তবায়ন করা হবে, যাতে দেশের জনগণ এ খাতের উন্নয়নের সুফল পুরোপুরি ভোগ করতে পারে, পাশাপাশি সরকারের ব্যয়িত অর্থের পূর্ণ সদ্ব্যবহার করা সম্ভব হয়।

এখন পর্যন্ত বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহ তথ্য-প্রযুক্তির ব্যবহার বাড়ানোর জন্য যে সকল কার্যক্রম গ্রহণ করেছে, তার একটি সংক্ষিপ্ত বিবরণ এ পুস্তিকায় প্রদান করা হল।

# ক. বিদ্যুৎ বিভাগ

## ১। সমন্বিত পারসোনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমঃ


বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন সকল সংস্থা ও কোম্পনির জনবল ব্যবস্থাপনার জন্য একটি ওয়েব বেজড্ সমন্বিত পারসোনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ডেভেলপ করা হয়েছে। এই পারসোনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন সকল সংস্থা ও কোম্পনির জনবলের জনবল ব্যবস্থাপনার ক্ষেত্রে ব্যপক উন্নয়ন ঘটাবে বলে আশা করা যায়। এর আগে কোন কোন সংস্থা/কোম্পানি বিচ্ছিন্নভাবে ছোট ছোট সফটওয়্যার/ইনফরমেশন সিস্টেম ব্যবহার করলেও সমন্বিত সিস্টেমের ফলে ডাটা শেয়ারিং ও নিরাপত্তা ব্যবস্থা উন্নত হবে।



চিত্র-১: সমন্বিত পারসোনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম

## ২। এডিপি প্রোজেক্ট মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন সিস্টেমঃ


এই সফটওয়্যারের মাধ্যমে বিদ্যুৎ বিভাগের গৃহীত বিভিন্ন প্রকল্পের বর্তমান অবস্থা, ভৌত ও আর্থিক অগ্রগতি ইত্যাদি বিষয়ে প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে। প্রকল্প বাস্তবায়ন মনিটরিং সহজ হয়েছে, ফলে প্রকল্প বাস্তবায়নের গতি ত্বরান্বিত হচ্ছে। প্রকল্প যথাসময়ে বাস্তবায়ন করা হলে বিদ্যুৎ সুবিধা অধিক সংখ্যক জনগণের মধ্যে পৌঁছানো সম্ভব হবে।



চিত্র-২: এডিপি প্রোজেক্ট মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন সিস্টেম

## ২। মিটিং রিপোর্ট সিস্টেমঃ

এই সফটওয়্যারের মাধ্যমে বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি সমন্বয়ে মাসিক সমন্বয় সভার বিভিন্ন সিদ্ধান্তের বাস্তবায়ন/অগ্রগতি অনলাইনের মাধ্যমে পূরণ করা হয়। পূরণকৃত তথ্য সমন্বয় করে সভায় উপস্থাপন করা হয়। সিদ্ধান্ত গ্রহণে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে, ফলে এ বিভাগের কার্যক্রমে দীর্ঘসূত্রিতা পরিহার করা সম্ভব হচ্ছে।



চিত্র-৩: মিটিং রিপোর্ট সিস্টেম

## ৩। অডিট মনিটরিং সিস্টেম সফটওয়্যারঃ

বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির অডিট আপত্তিসমূহ তদারকির জন্য অডিট মনিটরিং সিস্টেম সফটওয়্যার প্রস্তুত ও বর্তমানে ব্যবহার করা হচ্ছে। সফটওয়্যারটিতে বর্তমানে ডাটা এন্ট্রির কাজ চলছে। এই সফটওয়্যার ব্যবহারের ফলে আগের তুলনায় অনেক কম সময়ে যে কোন অডিট আপত্তি নিষ্পত্তি করা যাচ্ছে। অডিট আপত্তি নিষ্পত্তিতে স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়বে, ফলে জনগণ উপকৃত হবে।





চিত্র-৪: অডিট মনিটরিং সিস্টেম সফটওয়্যার

## খ. বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড দেশের বিদ্যুৎ উৎপাদন ও বিতরণের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য তথ্যপ্রযুক্তির ব্যবহার নিম্নে উল্লেখ করা হল।

### ১। কম্পিউটারাইজড বিলিং ও কাষ্টমার একাউন্টিং সিষ্টেম

বিউবোর সকল গ্রাহকের বিল, লেজার, সার্টিফিকেট, এমওডি সহ সকল রিপোর্ট কম্পিউটারের মাধ্যমে প্রস্তুত করা হয়। এ জন্য কম্পিউটারাইজড বিলিং ও কাষ্টমার একাউন্টিং সিষ্টেম ব্যবহার করা হয়। এর ফলে গ্রাহকের বিল, লেজার, সার্টিফিকেট, এমওডি সহ সকল রিপোর্ট নির্ভুলভাবে ও স্বল্প সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।





চিত্র-৫: কম্পিউটারাইজড বিলিং ও কাষ্টমার একাউন্টিং সিষ্টেম

### ২। মোবাইল ফোনের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ

বিউবোর ৬টি বিতরণ জোনে মোবাইল ফোনের মাধ্যমে পোষ্ট-পেইড বিল গ্রহণের সিষ্টেম চালু করা হয়েছে। বিউবোর মোট ৩০.২৮ লক্ষ গ্রাহকের মধ্যে প্রায় ৬.৫৫ লক্ষ (২১.৬৩%) গ্রাহক মোবাইল ফোনের মাধ্যমে বিল পরিশোধ করেন। ক্রমাগতভাবে মোবাইল ফোনের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধের পরিমাণ বাড়ছে। এর ফলে গ্রাহকদের হয়রাণি কমেছে এবং বিল আদায়ের হার বেড়েছে।

### ৩। অটোমেটেড মিটার রিডিং সিস্টেম

প্রায় মিটার সাব-স্টেশন ও এইচ.টি গ্রাহকের আঙ্গিনায় ১,৫০০ অটোমেটেড মিটার রিডিং সিস্টেম (এএমআর) স্থাপন করা হয়েছে। উক্ত মিটারগুলি কেন্দ্রীয়ভাবে মনিটরিং ও ডাটা স্টোরেজ ও বিলিং এর জন্য মহা-ব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন দপ্তরে দুইটি সার্ভারে সংরক্ষণ করা হচ্ছে।




চিত্র-৬: অটোমেটেড মিটার রিডিং সিস্টেম এএমআর

### ৪। প্রি-পেমেন্ট মিটার সিস্টেম


বিউবো'র চারটি ভৌগলিক এলাকার কতিপয় ফিডারে (চট্টগ্রাম, সিলেট, সিরাজগঞ্জ ও বগুড়া) প্রি-পেমেন্ট সিস্টেমের মাধ্যমে বিলিং ব্যবস্থা চালু আছে। বর্তমানে দেশব্যাপী একইরূপ মানসম্মত প্রি-পেমেন্ট মিটারিং সিস্টেম বাস্তবায়নের কাজ চলছে।

## ৫। ভিডিও কনফারেন্স সিস্টেম

মন্ত্রণালয়ের পাওয়ার ডিভিশন, বিউবোর হেডকোয়ার্টার, ৬ টি বিতরণ জোন ও ১ টি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র), ডিপিডিসি, ইজিসিবি ও ডেসকোর সাথে ভিডিও কনফারেন্স সিস্টেম প্রতিষ্ঠা করা হয়েছে। সকল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ভিডিও কনফারেন্স সিস্টেম সংযোগ প্রদান প্রক্রিয়াধীণ আছে।

## ৬। অনলাইন স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম

বিউবো অনলাইন স্টোর ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে স্টোর কম্পিউটারাইজেশনের কাজ শুরু করেছে। এতে সফটওয়্যার এর সাহায্যে অনলাইনে রিকুউজিশন, allocation–এর কাজ সম্পন্ন করা হয়। এতে অনলাইনে মালামালের স্টক পজিশন জানা যায়। দ্রুত মালামাল পাওয়া যায়। স্টোরের মালামালের সঠিক হিসাব জানা যায়। ঘোড়াশাল ও বড়পুকুরিয়া বিদ্যুৎ কেন্দ্রে স্টোর কম্পিউটারাইজেশনের কাজ সফলভাবে বাস্তবায়িত হয়েছে। এ ছাড়া টংগী কেন্দ্রীয় স্টোর, ফৌজদারহাট, ঈশ্বরদী ও খুলনা ষ্টোর সমূহের স্টোর কম্পিউটারাইজেশনের কাজ সফলভাবে বাস্তবায়িত হয়েছে।




চিত্র-৭: অনলাইন স্টোরম্যানেজমেন্ট সিস্টেম

## ৭। ই-ব্যাংক একাউন্ট ম্যানেজমেন্ট সিস্টেম


বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ই-ব্যাংক একাউন্ট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি বাস্তবায়নাধীন রয়েছে। এ সিস্টেমের সাহায্যে স্থানীয় ও কেন্দ্রীয়ভাবে রাজস্ব আদায় মনিটরিং করা হবে। রাজস্ব আদায়ের জন্য একটি সেন্ট্রাল ডাটাবেজ থাকবে। এসএমএস/ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্টদের এলার্ট ম্যাসেজ দেয়া হবে যাতে সময়মত ফান্ড ট্রান্সফার করা সম্ভব হয়।




চিত্র-৮: বিউবো-র ই-ব্যাংক একাউন্ট ম্যানেজমেন্ট সিস্টেম

## ৮। বিতরণ ব্যবস্থায় SCADA (Supervisory Control And Data Acquisition) System চালুকরণ ও e-SCADA এর মাধ্যমে লোড ব্যবস্থাপনা

বিউবোর ছয়টি বিতরণ জোনের মধ্যে লোড ব্যবস্থাপনার নিমিত্তে পাঁচটি জোনে ইতোমধ্যেই SCADA (Supervisory Control And Data Acquisition) System চালু করা হয়েছে ও e-SCADA এর মাধ্যমে লোড ব্যবস্থাপনা করা হচ্ছে। এ জন্য পৃথক সার্ভার স্থাপন করা হয়েছে। ১১ কেভি ফিডার সমূহের লোড, ভোল্টেজ, কারেন্টসহ অন্যান্য প্যারামিটার অনলাইনে মনিটর করা হচ্ছে। এর ফলে বিতরণ ব্যবস্থা ও লোড ব্যবস্থাপনায় অনেক উন্নতি হয়েছে।





চিত্র-৯: বিউবো-র SCADA (Supervisory Control and Data Acquisition) System

## ৯। আইপি সার্ভেইলেন্স সিস্টেম স্থাপন

বিউবো'র ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্রসহ ওয়াপদা ভবন এবং বিদ্যুৎ ভবনে আইপি সার্ভিলেন্স সিস্টেম স্থাপন করা হয়েছে। আগামী তিন মাসের মধ্যে প্রথম পর্যায়ে Power Station সমূহের এবং দ্বিতীয় পর্যায়ে substation সমূহের আইপি সার্ভিলেন্স সিস্টেম বাস্তবায়িত হবে।


## ১০। KPI Management Software বাস্তবায়ন



চিত্র-১০: বিউবো-এর KPI Management Software

বিউবো-এর আওতাধীন সকল দপ্তর ও ইউনিটের পারফরমেন্স মনিটর করার জন্যKPI Management Softwareতৈরি করা হয়েছে। এটি development-এর কাজ শেষ। এই সফটওয়্যারটি বাস্তবায়নের মধ্য দিয়ে বোর্ডের সকল ইউনিটের কর্মসম্পাদন মনিটরিং মূল্যায়ন করা হবে ফলে সংস্থার কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন করা সহজতর হবে। এখন এতে অনলাইনে ডাটা এন্ট্রি করা হচ্ছে।

## ১১। PIMS (Personnel Information Management System)




চিত্র-১১: বিউবো-এর PIMS (Personnel Information Management System)

বিউবো-এর Personnel Management Information System (PMIS) সফটওয়্যারটি web-enable করে বাস্তবায়নের কাজ চলছে। প্রথম পর্যায়ে সকল কর্মকর্তার তথ্য উপাত্ত অনলাইন এ এন্ট্রি করা হচ্ছে। মোট ১২০০ কর্মকর্তার তথ্য এন্ট্রি হয়েছে। ২য় পর্যায়ের সকল কর্মচারীদের তথ্য এন্ট্রি হবে । একই সাথে software টির উন্নয়ন ও tuning এর কাজ চলছে।

## ১২। Pay-Roll System Software

বিউবো-এর কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা সংক্রান্ত যাবতীয় পে-রোল কার্যক্রম অটোমেশন এর আওতায় আনার লক্ষ্যে Pay-Roll System Software চালুকরণ প্রক্রিয়াধীন আছে। শীঘ্রই সফটওয়্যারটি web-enable করে বাস্তবায়নের কাজ সম্পন্ন হবে।

## ১৩। ডাটা সেন্টার স্থাপন ও ডাটা কানেক্টিভিটি নিশ্চিতকরণ



চিত্র-১২: বিউবো-র ডাটা সেন্টার স্থাপন ও ডাটা কানেক্টিভিটি

বিউবো-এর ডাটা সেন্টার স্থাপন, ডাটা কানেক্টিভিটি ও ডাটা ব্যাক-আপ এর ফলে বিউবোর ১৫ টি কম্পিউটার সেন্টারের ডাটা ঢাকা ডাটা সেন্টারে সংরক্ষিত থাকবে। এর ফলে ডাটার নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে।

## ১৪। ই-টেন্ডারিং এর কার্যক্রম গ্রহণ

বিউবোর ২৫০ এর অধিক অফিসসমূহে ই-টেন্ডারিং এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হচ্ছে। সেন্ট্রাল


প্রকিওরমেন্ট টেকনিক্যাল ইউনিটের মাধ্যমে ই-টেন্ডারিং চালু করা হয়েছে। এর মাধ্যমে টেন্ডার-সন্ত্রাস ও দুর্ণীতি হ্রাস পেয়েছে।

## ১৫। Web Hosting ও Mail Server স্থাপন

বিউবোর ডাটা সেন্টারে নিজস্ব সার্ভারে Web Hosting ও Mail Server স্থাপন করা হয়েছে। এর ফলে নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী হবে।

## ১৭। অনলাইনে বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ


বিউবো অনলাইনে বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ শুরু করেছে। এর মাধ্যমে বিদ্যুৎ অফিসে না গিয়েও গ্রাহক ইন্টারনেটের মাধ্যমে বিদ্যুৎ সংযোগের আবেদন করতে পারেন। এ ছাড়া আবেদনপত্র দপ্তরে প্রক্রিয়াধীন থাকা অবস্থায় কাজের অগ্রগতির তথ্য প্রতিটি ধাপে গ্রাহক মোবাইলে এসএমএস বা ই-মেইলে স্বয়ংক্রিয়ভাবে পাবেন। এর মাধ্যমে মিটার সংযোগ হলে গ্রাহক ও মিটারের ডাটা স্বয়ংক্রিয়ভাবে বিলিং সিস্টেমে চলে যায়। ফলে গ্রাহকের ১ম মাসের বিল মাসিক বিলিং সিডিউল অনুযায়ী প্রস্তুত হবে ফলে সিস্টেম লস কমছে এবং রাজস্ব আদায় বাড়ছে।




চিত্র-১৩: অনলাইনে বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহন ও প্রক্রিয়াকরণ

## ১৮। অনলাইন রিক্রুটমেন্ট সিস্টেম প্রবর্তন


বিউবো-র অন লাইনে Recruitment সফটওয়্যার-এর Development এর কাজ শেষ হয়েছে। শীঘ্রই তা' চালু করা হবে। এর ফলে নিয়োগ পদ্ধতিতে স্বচ্ছতা ও গতিশীলতা আসবে।




চিত্র-১৪: অনলাইন রিক্রুটমেন্ট সিস্টেম

## ১৯। অনলাইন প্রশিক্ষণ ম্যানেজমেন্ট সফট্ওয়্যার

বিউবো অনলাইন প্রশিক্ষণ ম্যানেজমেন্ট সফট্ওয়্যার চালু করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছে। শীঘ্রই তা' চালু করা হবে। এর ফলে প্রশিক্ষণে গতিশীলতা আসবে।





চিত্র-১৫: অনলাইন প্রশিক্ষণ ম্যানেজমেন্ট সফট্‌ওয়্যার

## ২০। অনলাইন এর মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ


অনলাইনের মাধ্যমে বিল পরিশোধের নিমিত্তে সংশ্লিষ্ট ব্যাংকগুলির প্রতিনিধিদের সাথে কয়েকটি সফল মিটিং অনুষ্ঠিত হয়। ব্যাংকগুলির প্রতিনিধিগণ এ ব্যাপারে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন বলে জানিয়েছেন। অনলাইনের মাধ্যমে বিল পরিশোধের নিমিত্তে প্রয়োজনীয় সফট্‌ওয়্যার প্রস্তুতের কাজ চলছে।

## ২১। ডাটা-বেজ ম্যানেজমেন্ট সিস্টেম আপগ্রেডিং

২১ টি লোকেশন এ ডাটা connectivity এর কাজ সম্পন্ন হয়েছে। ১৫টি Computer Center সহ বিভিন্ন power station, central store এর data connectivity প্রতিষ্ঠার মাধ্যমে ঢাকা কম্পিউটার সেন্টারের data management এর কাজ চুড়ান্ত পর্যায়ে রয়েছে।




চিত্র-১৬: ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম আপগ্রেডিং





চিত্র-১৭: ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেমএর রেডিও নেটওয়ার্ক ডায়াগ্রাম

## গ. বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

### ১। বিলিং সফটওয়ার বাস্তবায়ন


বর্তমানে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রায় ১.১৭ কোটি গ্রাহকের বিদ্যুৎ বিল সফটওয়ারের মাধ্যমে প্রস্তুত হয়। এ সফটওয়্যারের মাধ্যমে প্রতিটি গ্রাহকের বিলিং তথ্য ডাটাবেজে সংরক্ষণ করা হয় এবং এজিং রিপোর্ট ও সাবসিডিয়ারি লেজার সহ ২১টির অধিক বিভিন্ন ধরণের রিপোর্ট প্রণয়ন করা যায়। ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের মাধ্যমে গ্রাহকরা বিল পরিশোধ করতে পারেন। এ ছাড়া গ্রাহকরা টেলিটক মোবাইলে এসএমএস এর মাধ্যমেও বিল পরিশোধ করতে পারেন।




চিত্র-১৮: বিলিং ম্যানেজমেন্ট সফটওয়ার

### ২। এসএমএস এর মাধ্যমে বিদ্যুৎ বিল আদায়ঃ


টেলিটকের সহায়তায় এসএমএস এর মাধ্যমে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের গ্রাহকরা সহজেই বিল প্রদান করতে পারে। বর্তমানে মাসে গড়ে প্রায় ৮ লক্ষ গ্রাহক এসএমএস এর মাধ্যমে বিল পরিশোধ করে। বিল পরিশোধের বিষয় কেন্দ্রিয় ভাবে মনিটরিং করা যায়। টেলিটকের মোবাইলধারী গ্রাহকরা প্রতি মাসের বিলের তথ্য জানতে পারেন।




চিত্র-১৯: ইউনিয়ন ডিজিটাল কেন্দ্রের (ইউডিসি) মাধ্যমে বিদ্যুৎ বিল

### ৩। ইউনিয়ন ডিজিটাল কেন্দ্রের (ইউডিসি) মাধ্যমে বিদ্যুৎ বিল আদায়

বর্তমানে প্রায় ১২১৯টি ইউনিয়ন ডিজিটাল কেন্দ্রের মাধ্যমে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের গ্রাহকরা বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারে। এ ভাবে বিল পরিশোধে ঝামেলা কম। এ ছাড়া গ্রাহকদের সময় ও যাতায়তের সময় সাশ্রয় হয়।




চিত্র-২০: পবিবো-র স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম

### ৪। স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম

স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ারের মাধ্যমে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মালামাল ইস্যু, রিসিভ করা যায় এবং রিটার্ন, রিপোর্ট প্রভৃতি তৈরি করা যায়। এতে আইটেমওয়ারি ষ্টক ব্যালান্স জানা যায় এবং মালামালের লেজার প্রিন্ট করা যায়।





চিত্র-২১: অনলাইন এপ্লিকেশন সফটওয়ার

### ৫। অনলাইন এপ্লিকেশন সফটওয়ার

এ সফটওয়ারের মাধ্যমে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে নতুন সংযোগের আবেদন গ্রহণ করা হয়। প্রাপ্ত আবেদনসমূহ অনলাইনে প্রক্রিয়াকরণ করা হয়। এতে মানুষের হয়রাণি ও অর্থব্যয় কমেছে।

## ৬। লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম


বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম-এর সাহায্যে বই বা জার্নালের ব্যবস্থাপনা করা হয়। এর মাধ্যমে বই বা জার্নাল ইস্যু ও ফেরত প্রদান করা যায়। অফেরৎ বইয়ের এবং খেলাপি গ্রাহকদের তালিকা প্রণয়ন করা যায়।



চিত্র-২২: লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম

## ৭। ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের এ সফটওয়ারের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের তালিকা প্রণয়ন এবং ফলাফল প্রকাশ করা হয়। এ ছাড়া সার্টিফিকেট প্রণয়ন করা হয়।


চিত্র-২৩: ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম



চিত্র-২৪: ইকুইপমেন্ট রেকর্ড কার্ড (ইআরসি) ম্যানেজমেন্ট সিস্টেম

## ৮। ইকুইপমেন্ট রেকর্ড কার্ড (ইআরসি) ম্যানেজমেন্ট সিস্টেম

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে ইকুইপমেন্ট রেকর্ড কার্ড (ইআরসি) ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়ারটির বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। বিতরণ ট্রান্সফরমারের যাবতীয় তথ্য ডাটাবেজে সংরক্ষণ করা হয়। বিতরণ ট্রান্সফরমারের লোড স্বয়ং ক্রিয় ভাবে নিরুপণ করা যায়। ট্রান্সফরমার ভিত্তিক গ্রাহক সংখ্যা পাওয়া যায়। সাব-স্টেশন ও ফিডার ওভার লোডেড কিনা তা জানা যাবে। মিটার রেকর্ড কার্ডের প্রতিবেদন প্রণয়ন করা যাবে। মাসিক বিদ্যুৎ ব্যবহারের ভিত্তিতে গ্রাহকের প্রকৃত লোড সনাক্ত করা যায়।

## ৯। ইন্টেলিজেন্ট মিটার রিডিং এন্ড এনালাইটিক্যাল সিস্টেম (ইমরাস)


বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে ইন্টেলিজেন্ট মিটার রিডিং এন্ড এনালাইটিক্যাল সিস্টেম (ইমরাস) সফটওয়ারটির উন্নয়ন কাজ চলমান রয়েছে। স্মার্ট মোবাইলের মাধ্যমে মিটারের ইমেজ সংগ্রহ করা হবে। মিটারের ইমেজ প্রক্রিয়াকরনের সাহায্যে স্বয়ং ক্রিয় ভাবে মিটার রিডিং ডাটাবেজে সংরক্ষণ করা যাবে। ম্যানুয়াল মিটার রিডিং এন্ট্রি এর প্রয়োজন হবে না।

# ঘ. ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

## ১। Unified Personnel Management Information System (PMIS)

বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী তৈরিকৃত Unified Personnel Management Information System (PMIS)-এ বিদ্যুৎ বিভাগের প্রতিটি সংস্থা এর জনবলের তথ্য সংরক্ষণ করা যাবে এবং প্রয়োজন অনুযায়ী বিভিন্ন তথ্য পরিবর্তন ও সংযোজন কারতে পারবে। পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী বিভিন্ন তথ্য  খুব সহজে পাওয়া সম্ভব হবে। এই সিস্টেমটি পুরোপুরি ভাবে চালু হলে বিদ্যুৎ বিভাগের পক্ষ বিদ্যুৎ খাতে নিয়োজিত জনবলের চিত্র পাওয়া সহজ হবে এবং ব্যবহারকারী বিভিন্ন সংস্থার পক্ষে প্রতিষ্ঠানের মানব সম্পদ সংক্রান্ত বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ সহজ হবে। এই সিস্টেমে প্রাথমিকভাবে কর্মকর্তা/কর্মচারীদের নিম্নলিখিত বিষয় গুলোর তথ্য এন্ট্রি করা ব্যবস্থা রাখা হয়েছে। পরবর্তীতে প্রতিষ্ঠানগুলোর চাহিদার ভিত্তিতে আরো অন্যান্য বিষয় সংযোজন করা যাবে।

- সাধারণ তথ্যাবলি
- শিক্ষাগত যোগ্যতার তথ্য
- স্বামী/স্ত্রী ও সন্তানের তথ্য
- পূর্ববর্তী চাকুরীর তথ্য
- বদলি, পদোন্নতি ইত্যাদির তথ্য
- প্রশিক্ষণের তথ্য
- দাপ্তরিক ও ব্যক্তিগত কারণে বিদেশ ভ্রমণের তথ্য
- দক্ষতা মূল্যায়ণের তথ্য
- বিভিন্ন দপ্তরে লোকবলের তথ্য




চিত্র-২৫: Unified Personnel Management Information System

এই PMIS থেকে প্রয়োজন অনুযায়ী নিম্নিলিখিত রিপোর্ট তৈরি করা যাবে:

- কর্মকর্তা/কর্মচারীর CV
- বিভিন্ন দপ্তরে নিয়োজিত লোকবলের বিস্তারিত তথ্য
- প্রতিষ্ঠানের শূণ্য পদের সংখ্যা
- পদ, বৎসর, মাস অনুযায়ী অবসর গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের তালিকা
- লিঙ্গ, পদ, দপ্তর ইত্যাদি অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা
- বিদেশ ভ্রমণের তথ্য
- প্রশিক্ষণের তথ্য
- বিভিন্ন দপ্তরের স্তরপরম্পরা  (Hierarchy)
- কেপিআই সিস্টেম
- প্রশিক্ষণ ব্যবস্থাপনা সিস্টেম

## ২। কন্টাক্ট সেন্টার/কাষ্টমার কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেমঃ


ডিপিডিসির গ্রাহক সেবা বৃদ্ধির লক্ষ্যে ডিপিডিসি কাষ্টমার কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত করেছে। ফলে গ্রাহকের অভিযোগ সমূহ পর্যবেক্ষণ করা সম্ভব হয়েছে এবং সেই সাথে দ্রুত সমাধান করা সম্ভব হয়েছে। এছাড়াও, এই সিস্টেমে অভিযোগকারী গ্রাহক এবং ডিপিডিসির প্রতিনিধির মধ্যকার কথোপকথন রেকর্ড করা হয় যা ভবিষ্যতে প্রয়োজনে শোনা যাবে।



চিত্র-২৬: কন্টাক্ট সেন্টার/কাষ্টমার কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম

## ৩। পেমেন্ট অটোমেশন সিস্টেমঃ

বর্তমানে ডিপিডিসির গ্রাহকগণ নিজ গ্রামীন ফোনে মোবাইলের মাধ্যমে অথবা অনুমোদিত রিটেইলারের মাধ্যমে বিদ্যুৎ বিল প্রদান করতে পারে। এছাড়াও, সাউথ-ইষ্ট ব্যাংক, ওয়ান ব্যাংক, এনআরবি ব্যাংক, ট্রাস্ট ব্যাংক, শাহজালাল ইসলামী ব্যাংক সহ অন্যান্য ব্যাংকের মাধ্যমে ডিপিডিসির সকল গ্রাহক অনলাইনে বিদ্যুৎ বিল প্রদান করতে পারে।




চিত্র-২৭: পেমেন্ট অটোমেশন সিস্টেম

## ৪। অনলাইন রিক্রুটমেন্ট সিস্টেমঃ

ডিপিডিসিতে নিয়োগ প্রক্রিয়া সহজ ও গতিশীল করার লক্ষ্যে টেলিটকের সহায়তায় ডিপিডিসি অনলাইনে নিয়োগ প্রক্রিয়া চালু করেছে। এখানে উল্লেখ্য, নিয়োগ প্রক্রিয়ায় ধার্যকৃত নিয়োগ পরীক্ষার ফি টেলিটক মোবাইলের মাধ্যমে গ্রহন করা হচ্ছে।

## ৫। মোবাইল এপ্লিকেশন এর মাধ্যমে মিটার রিডিং সংগ্রহঃ

মিটার রিডিং সংগ্রহের প্রক্রিয়া সহজ, নির্ভুল এবং দ্রুত করার লক্ষ্যে ডিপিডিসি বর্তমানে মোবাইল অ্যাপস এর মাধ্যমে গ্রাহকের আঙ্গিনা হতে মিটার রিডিং সংগ্রহ করছে। এই প্রক্রিয়ায় মিটার রিডিং সংগ্রহের পাশাপাশি মিটারের ছবিও ডাটাবেজে প্রেরণ করা হয়।



চিত্র-২৮: মোবাইল এপ্লিকেশন এর মাধ্যমে মিটার রিডিং সংগ্রহ

## ৬। নতুন সংযোগের জন্য অনলাইনে আবেদন গ্রহণঃ

ডিপিডিসির আওতাধীন এলাকার বসিন্দাগণ নতুন বিদ্যুৎ সংযোগ প্রাপ্তির লক্ষ্যে অনলাইনে ডিপিডিসির ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারেন। অনলাইনে আবেদনের ফলে গ্রাহক ভোগান্তি কমে এসেছে এবং আবেদনকারী খুব স্বল্প সময়ে বিদ্যুৎ সংযোগ পেয়ে থাকেন।



চিত্র-২৯: নতুন সংযোগের জন্য অনলাইনে আবেদন গ্রহণ

## ৭। প্রি-পেইড মিটারিং সিস্টেমঃ


ডিপিডিসির গ্রাহক সেবা বৃদ্ধির প্রক্রিয়ায় প্রি-পেইড মিটারিং সিস্টেম চালু করেছে। পর্যায়ক্রমে ডিপিডিসির সকল গ্রাহক এই সিস্টেম এর আওতায় চলে আসবে।



চিত্র-৩০: প্রি-পেইড মিটারিং সিস্টেম

## ৮। একাউন্টিং ম্যানেজমেন্ট সিস্টেমঃ

ডিপিডিসির সকল দপ্তরের যাবতীয় হিসাব, বিল প্রদান, বেতন-ভাতাদি প্রদান ইত্যাদি সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে একাউন্টিং ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত করা হয়েছে।




চিত্র-৩১: একাউন্টিং ম্যানেজমেন্ট সিস্টেম

## ৯। প্রশিক্ষণ ব্যবস্থাপনা সিস্টেমঃ

ডিপিডিসির সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রক্রিয়া সহজ করার লক্ষ্যে সমগ্র প্রশিক্ষণ প্রক্রিয়াটি ডিজিটালাইজড করা হয়েছে। ফলে ট্রেনিং এন্ড ডেভলপমেন্ট দপ্তর সহজেই প্রশিক্ষণ প্রদান কার্য সম্পাদন করতে পারেন।




চিত্র-৩২: প্রশিক্ষণ ব্যবস্থাপনা সিস্টেম

## ঙ. ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ

### ১। ই-গভর্নেন্স সিস্টেম


ই-গভর্নেন্স সিস্টেমের দ্বারা রিডিং সংগ্রহ ও বিল ইস্যু, বিল পরিশোধ, বাণিজ্যিক ক্রিয়াকলাপ এবং নতুন সংযোগ ব্যবস্থা পরিচালন করা হয়।




চিত্র-৩৩: ডেসকো-র ই-গভর্নেন্স সিস্টেম

### ২। অনলাইনে নতুন সংযোগের আবেদন গ্রহণ

ডেসকো-র আওতাধীন এলাকার বসিন্দাগণ নতুন বিদ্যুৎ সংযোগ প্রাপ্তির লক্ষ্যে অনলাইনে আবেদন করতে পারেন। অনলাইনে আবেদনের ফলে গ্রাহক ভোগান্তি কমে এসেছে এবং আবেদনকারী খুব স্বল্প সময়ে বিদ্যুৎ সংযোগ পেয়ে থাকেন।গ্রাহককে এসএমএস এর মাধ্যমে নতুন সংযোগের আবেদনের প্রতিটি ধাপের বর্তমান অবস্থা অবহিত করা হয় এবং গ্রাহক নিজে অনলাইনে মনিটরিং করতে পারেন।





চিত্র-৩৪: অনলাইনে নতুন সংযোগ আবেদন সিস্টেম

### ৩। এসএমএস ও ইন্টারনেটের মাধ্যমে বিল পরিশোধ

বর্তমানে ডেসকো-র গ্রাহকগণ মোবাইলের এসএমএস বা অনুমোদিত রিটেইলারের মাধ্যমে বিদ্যুৎ বিল প্রদান করতে পারে। এছাড়াও ডেসকো-র সকল গ্রাহক অনলাইনে বিদ্যুৎ বিল প্রদান করতে পারে।




চিত্র-৩৫: এসএমএস এর মাধ্যমে বিল পরিশোধ




চিত্র-৩৬: ইন্টারনেটের মাধ্যমে বিল পরিশোধ

### ৪। অনলাইনে ব্যাংক সমূহের সাথে লেনদেন


বর্তমানে ডেসকো-র গ্রাহকগণ অনলাইনে ব্যাংকের মাধ্যমে বিদ্যুৎ বিল প্রদান করতে পারে। এ ভাবে বিল পরিশোধে ঝামেলা কম হয় এবং গ্রাহকদের সময় ও যাতায়তের সময় সাশ্রয় হয়।




চিত্র-৩৭: অনলাইনের মাধ্যমে ব্যাংক সমূহের সাথে লেনদেন

## ৫। অনলাইন ট্রান্সফর্মার ডাটাবেজ মনিটরিং সিস্টেম


ডেসকো অনলাইনে ট্রান্সফরমারের ডাটাবেস মনিটরিং সিস্টেম চালু করেছে। এর ফলে ট্রান্সফর্মারের ডাটাবেজ রক্ষণাবেক্ষণ সহজ হয়েছে।



চিত্র-৩৮: অনলাইনে ট্রান্সফরমার ডাটাবেজ মনিটরিং সিস্টেম

## ৬। অনলাইন রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম


ডেসকো অনলাইন রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালু করেছে। এর ফলে চাকুরির আবেদন করা ও আবেদনসমূহ প্রসেস করা সহজ হয়েছে।



চিত্র-৩৯: অনলাইন রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম

### ৭। প্রিপেইড মিটার এবং এডভান্সড ইন্টালিজেন্স মিটারিং সিস্টেম (AMI)

ডেসকো-তে প্রিপেইড মিটার এবং এডভান্সড ইন্টালিজেন্স মিটারিং সিস্টেম দ্বারা ডিমান্ড সাইড ম্যানেজমেন্ট করা হচ্ছে।



চিত্র-৪০: প্রিপেইড মিটার এবং এডভান্সড ইন্টালিজেন্স মিটারিং

### ৮। অনলাইনে ব্যাংক কালেকশন

ডেসকোতে অনলাইন ব্যাংক কালেকশন সফটওয়্যার তৈরির কাজ চলছে। এর মাধ্যমে সেপ্টেম্বর ২০১৩ থেকে ব্যাংক থেকে অনলাইনে বিল আদায় করা হবে।




চিত্র-৪১: প্রিপেইড মিটার এবং এডভান্সড ইন্টালিজেন্স মিটারিং সিস্টেম


### ৯। ডেসকো-র আইসিটি উন্নয়ন পরিকল্পনা

- এসএমএস সার্ভিসের মাধ্যমে ডিজিটাল গ্রাহক সেবা বৃদ্ধি
- ওয়েব ভিত্তিক ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম
- ডাটা সেন্টার এর জন্য পরামর্শক নিয়োগ
- অনলাইন স্ন্যাপশট এর মাধ্যমে মিটার রিডিং সফটওয়্যার
- সমন্বিত অভিযোগ ব্যবস্থাপনা সিস্টেম (ডিপিডিসি-র সাথে)
- অনলাইন বিল পেমেন্ট সিস্টেম সম্প্রসারণ
- টায়ার -৩ ডাটা সেন্টার প্রকল্প বাস্তবায়ন
- জিআইএস ম্যাপিং সিস্টেম বাস্তবায়ন এবং ইন্টিগ্রেশন
- ইআরপি সিস্টেম, অনলাইন কালেকশন সিস্টেম, স্বয়ংক্রিয় প্রি-পেইড ভেন্ডিং সিস্টেম
- SCADA with Smart Grid বাস্তবায়ন

# চ. ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ

## ১। বিলিং সফটওয়্যার

ওজোপাডিকো ডেস্কটপ বেজড বিলিং সফটওয়্যার তৈরি ও ব্যবহার করছে। এর মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ করা যায়। এ ছাড়া মাসিক অপারেশনাল ডাটা ও গ্রাহককে বিল পরিশোধের সার্টিফিকেট প্রদান করা যায়।




চিত্র-৪২: ওজোপাডিকোর বিলিং সফটওয়্যার

## ৩। অনলাইনে নতুন বিদ্যুৎ কানেকশন সফটওয়্যার


ওজোপাডিকো গ্রাহকগণের কাছ থেকে অনলাইনে নতুন বিদ্যুৎ কানেকশনের আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য একটি সফটওয়্যার তৈরি করেছে। এতে গ্রাহকদের সময় ও অর্থের সাশ্রয় হচ্ছে এবং দুর্নীতি হ্রাস পেয়েছে।




চিত্র ৪৩: ওজোপাডিকোর অনলাইনে নতুন বিদ্যুৎ কানেকশন সফটওয়্যার

## ৪। কর্মচারী তথ্য ব্যবস্থাপনা সফটওয়্যার

ওজোপাডিকো কর্মচারী বিস্তারিত তথ্য ব্যবস্থাপনার জন্য সফটওয়্যার তৈরি ও ব্যবহার করছে। এতে কর্মচারী ব্যবস্থাপনার ক্ষেত্রে অভাবনীয় সাফল্য এসেছে। তবে বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুসারে সকল সংস্থা ও কোম্পানির জন্য তৈরি Unified Personnel Management Information System (PMIS)–এর মাধ্যমে কর্মচারী ব্যবস্থাপনার ব্যবস্থা করা হচ্ছে।




চিত্র-৪৪: ওজোপাডিকোর কর্মচারী তথ্য ব্যবস্থাপনা সফটওয়্যার

## ৫। ভবিষ্যৎ কার্যক্রমঃ


ওজোপাডিকোর তথ্য-প্রযুক্তি খাতে ভবিষ্যৎ কার্যক্রম নিম্নরূপ :

- ওয়েব বেজড বিলিং এবং কালেকশন সফটয়্যার ক্রয় এবং স্থাপন;
- আইসিটি শাখায় ডাটা সেন্টার তৈরিকরণ;
- কেপিআই স্থাপনাসমূহে পর্যায়ক্রমে সিসিটিভি/ আইপি সার্ভিলেন্স সিস্টেম চালু করা;
- ৪৮টি ইলেকট্রিক সাপ্লাই অফিস ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগের আওতায় আনা; এবং
- অতি দ্রুত সময়ের মধ্যে অটোমেটেড মিটার রিডিং সিস্টেম চালু করণ।

## ছ. পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি.

### ১. অনলাইন রিক্রুটমেন্ট সিস্টেম (বাস্তবায়িত)


পিজিসিবি-তে অনলাইন রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে। এর ফলে চাকুরির আবেদন করা ও আবেদনসমূহ প্রসেস করা সহজ হয়েছে। এর মাধ্যমে ম্যানেজার (নিরাপত্তা), সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী প্রভৃতি নিয়োগ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।




চিত্র-৪৫: পিজিসিবির অনলাইন রিক্রুটমেন্ট সিস্টেম

### ২. স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম (বাস্তবায়নাধীন)


পিজিসিবি একটি স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম তৈরি করছে। এটি পিজিসিবি-র সকল স্টোর-এ ব্যবহৃত হবে। প্রাথমিকভাবে গ্রিড সার্কেল ঢাকা নর্থ-এর ৪(চার) টি জিএমডি অফিসের স্টোর অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ৪(চার)টি স্টোরের সেটআপ ইনফর্মেশন এবং ডাটা ইনপুট সম্পন্ন হয়েছে।




চিত্র-৪৬: পিজিসিবির স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম

### ৩. সিপিএফ ডব্লিউপিপিএফ ডব্লিউএফ ম্যানেজমেন্ট সিস্টেম (বাস্তবায়নাধীন)

পিজিসিবি একটি সিপিএফ, ডব্লিউপিপিএফ, ডব্লিউএফ ম্যানেজমেন্ট সিস্টেম তৈরি করছে। এটি পিজিসিবির ফাইনান্স দপ্তরে ব্যবহৃত হবে। এর সেটআপ ইনফর্মেশন ইনপুট সম্পন্ন হয়েছে। বর্তমানে সিপিএফ ডাটা ইনপুট চলমান রয়েছে।




চিত্র-৪৭: পিজিসিবির সিপিএফ, ডব্লিউপিপিএফ, ডব্লিউএফ ম্যানেজমেন্ট সিস্টেম

### ৪. স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (বাস্তবায়নাধীন)


পিজিসিবি একটি স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর বা ফিনান্সিয়াল একাউন্টিং সিস্টেম বাস্তবায়ন করছে। এটি পিজিসিবির ফাইনান্স ও একাউন্টস দপ্তরে ব্যবহৃত হবে। এতে আর্থিক তথ্য ইনপুট চলমান রয়েছে।




চিত্র-৪৮: পিজিসিবির ফিনান্সিয়াল একাউন্টিং সিস্টেম

## জ. আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ


### 1. Operational Information Management System (OIMS):




চিত্র-৪৯: এপিএসসিএল-এর Operational Information Management System (OIMS)

এপিএসসিএল উৎপাদন ও পরিচালন সংক্রান্ত ডাটা ম্যানেজমেনট, দৈনিক এবং মাসিক স্বয়ংক্রিয় রিপোর্টিং সিস্টেম Operational Information Management System (OIMS) চালু করেছে। এতে বিদ্যুৎ উৎপাদনকারী ইউনিটসমূহের কন্ট্রোলরুম এবং অন্যান্য কন্ট্রোলরুম ও সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক উক্ত সিস্টেমটিতে প্ল্যান্ট সম্পর্কিত বিভিন্ন তথ্য যেমন- প্রতি ঘন্টার বিদ্যুৎ উৎপাদন, দৈনিক লোড কনজাম্পশন, ডিসপ্যাচ, কেমিক্যাল স্টক ও কনজাম্পশন ইত্যাদি তথ্য সংরক্ষণ করা হয়। সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয় প্রক্রিয়াকরণ শেষে প্রয়োজনীয় বিভিন্ন MIS রিপোর্ট (Daily Generation, Load Curve & Consumption, DGFI, Chemical Stock & Consumption) সিস্টেম থেকে পাওয়া যায়।

### 2. KPI Monitoring System:




চিত্র-৫০: এপিএসসিএল-এর KPI Monitoring System

বিদ্যুৎ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বিভিন্ন Key Performance Indicator (KPI) প্যারামিটার (পাওয়ার প্ল্যান্ট সমূহের দক্ষতা, নির্ভরযোগ্যতা, আর্থিক, ক্রয়, মানব সম্পদ উন্নয়ন ও প্রকল্প ইত্যাদি বিষয়ক) মনিটরিং এর জন্য KPI Monitoring System চালু আছে। OIMS এবং অন্যান সিস্টেম থেকে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে উক্ত সিস্টেমটিতে স্বয়ংক্রিয়ভাবে অর্জিত কেপিআিই প্রদর্শিত হয়। ফলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের জন্য কেপিআই লক্ষ্যমাত্রা অর্জনে কোম্পানীর বর্তমান অবস্থা সম্পর্কে ধারণা পেতে ও টার্গেট পুরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়ক হয়।

### 3. Human Resources Information System (HRIS):




চিত্র-৫১: এপিএসসিএল-এর Human Resources Information System


এপিএসসিএল-এর সকল এম্পলয়ীর যাবতীয় তথ্য যথাযথভাবে সংরক্ষণ এবং মানব সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক বিভিন্ন কার্যাবলী কম সময়ে, আরও সহজে ও স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করার লক্ষ্যে Human Resources Information System (HRIS) চালু আছে। PMIS, Recruitment, Placement, Leave Management, Shift Management, Payroll, HRM Module (Increment, Transfer, Promotion, Contract Renewal, Addl. Charges, Retirement ইত্যাদি), Performance Evaluation, Employees Self-Service ইত্যাদি মডিউল সিস্টেমের অন্তর্ভুক্ত। PMIS, Increment, Transfer, Promotion, Contract Renewal, Addl. Charges, Retirement ইত্যাদি মডিউল বাস্তবায়ন করা হয়েছে এবং এইচআরএম বিভাগ কর্তৃক বর্তমানে ব্যবহৃত হচ্ছে। অন্যান্য মডিউলগুলো বাস্তবায়নাধীন আছে।

## 4. Training Management System:

এপিএসসিএল-এর সকল কর্মচারীর সব ধরণের প্রশিক্ষণ (অন-জব, অফ-জব, ইন্টারনাল, এক্সটার্নাল, দেশী ও বিদেশী) সম্পর্কিত তথ্য যথাযথভাবে সংরক্ষণ এবং প্রশিক্ষণ বিষয়ক বিভিন্ন কার্যাবলী (দপ্তরাদেশ, রিপোর্ট ইত্যাদি) কম সময়ে, আরও সহজে ও স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করার লক্ষ্যে Training Management System চালু আছে।

## 5. Digital Dashboard:


এপিএসসিএল-এর সকল প্ল্যান্টের সার্বক্ষণিক উৎপাদন ও হালনাগাদ তথ্য পরিদর্শনের লক্ষ্যে একটি ডিজিটাল ডিসপ্লে সিস্টেম চালু আছে। উক্ত সিস্টেমটিতে OIMS, KPI Monitoring System, HRIS থেকে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে প্ল্যান্ট সমূহের হালনাগাদ তথ্যাদি (প্রতি ঘন্টার উৎপাদন, শাট-ডাউন, ইউনিট ট্রিপ, কেপিআই ইত্যাদি তথ্য) গ্রাফিক্যাল চিত্রাকারে এবং ডাটা আকারে প্রদর্শিত হয়।




চিত্র-৫২: এপিএসসিএল-এর Digital Dashboard

## 6. Store Management System (SMS):

এপিএসসিএল-এ কম্পিউটারাইজড স্টোর ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে স্টোরের মালামালের আদান-প্রদানসহ হিসাব রাক্ষণা-বেক্ষণ করা হয়। যার মাধ্যমে গ্রাহক কর্তৃক মালামালের মজুত, সংগ্রহ এবং ক্রয় ইত্যাদি প্রক্রিয়াকরণ করা হয়। এতে দায়িত্ব প্রাপ্ত প্রকৌশলী কর্তৃক মালামালের গুণগত মানের সনদ প্রদান, মালামাল গ্রহণ এবং গ্রহণ ও পরিদর্শন প্রতিবেদন ইত্যাদি প্রসেস করা হয়। এ ছাড়া স্টোর মালামাল গ্রহণের পর বেশি/কম/বাতিল (যদি থাকে) রিপোর্ট প্রদান এবং হিসাব বিভাগ কর্তৃক বিল পরিশোধের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যায়।




চিত্র-৫৩: এপিএসসিএল-এর Store Management System (SMS)

## 7. Attendance Reporting System:


এপিএসসিএল এর সকল কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা নিশ্চিত করণ এবং বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিত করার জন্য কম্পিউটারাইজড এ্যাটেনডেন্স সিস্টেম এবং এক্সেস কন্ট্রোল সিস্টেম চালু আছে। ফিঙ্গার প্রিন্ট মেশিন থেকে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে উক্ত সিস্টেম দৈনিক এবং মাসিক হাজিরা সম্পর্কিত তথ্য প্রদর্শন করে এবংসংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ অধীনস্ত কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা সম্পর্কিত প্রতিবেদন উক্ত সিস্টেম থেকে পেয়ে থাকে।




চিত্র-৫৪: এপিএসসিএল-এর Attendance Reporting System

## 8. Medical Center Information Management System (MCIMS):

এপিএসসিএল-এর সকল কর্মচারীর স্বাস্থ্য সম্পর্কিত যাবতীয় তথ্য যথাযথভাবে সংরক্ষণ এবং মেডিকেল সেন্টার ব্যবস্থাপনা বিষয়ক বিভিন্ন কার্যাবলী (রোগী নিবন্ধন, ইনভেসটিগেশন, প্রেসক্রিপশন, মেডিকেল ইনভেন্টরি ম্যানেজমেন্ট, মেডিকেল হিস্ট্রি ইত্যাদি) কম সময়ে, আরও সহজে ও স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করার লক্ষ্যে Medical Center Information Management System (MCIMS) বাস্তবায়নাধীন আছে।




চিত্র-৫৫: এপিএসসিএল-এর Medical Center Information Management System

## ঋ. রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড

### ১। ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়ার


আরপিসিএল-এর ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়ারটি দিয়ে লেজার, ভাউচার, ইনকাম ষ্টেটমেন্ট, ব্যালেন্স শীট ইত্যাদি তৈরী করা হয়।



চিত্র-৫৬: আরপিসিএল-এর ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট

### ২। ডিজিটাল এটেন্ডেনস সিস্টেম

আরপিসিএল-এর মানব সম্পদ বিভাগকে আধুনিকিকরণের লক্ষ্যে ডিজিটাল অ্যাটেন্ডেন্স সিস্টেমটি চালু করা হয়। বর্তমানে সদর দপ্তর ও ময়মনসিংহে সফটওয়ারটি চালু আছে যা দিয়ে বিভিন্ন রিপোর্ট স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত করা হয়। ভবিষ্যতে অন্যান্য বিদ্যুৎ কেন্দ্রে ডিজিটাল অ্যাটেন্ডেন্স সিস্টেমটি স্থাপন করা হবে।


চিত্র-৫৭: আরপিসিএল-এর ডিজিটাল এটেন্ডেনস সিস্টেম


### ৩। ইনভেন্টরি ম্যানেজমেন্ট সফটওয়ার - ২০১৩

আরপিসিএল-এর ওয়েব-বেজড কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রণযোগ্য ইনভেন্টরি ম্যানেজমেন্ট সফটওয়্যার ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রে চলমান রয়েছে। অন্যান্য কেন্দ্রে ইনভেন্টরি ম্যানেজমেন্ট সফটওয়্যারটি স্থাপনের কাজ চলছে।

### ৪। ইআরপি সফটওয়্যারঃ

আরপিসিএল-এ একটি ওয়েব বেজড কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রণযোগ্য ইআরপি সফটওয়্যার বাংলাদেশের একটি সফটওয়্যার প্রতিষ্ঠান দ্বারা ডেভেলপ করা হচ্ছে। এর মোট ০৩ টি মডিউলের মধ্যে সর্বোমোট ২৩ টি সাব মডিউল রয়েছে। বর্তমানে নিম্মোক্ত সাবমডিউলগুলো কার্যোপযোগী রয়েছে।

1) HRM Module
2) Payroll Module
3) Benefit Management Module
4) Income Tax Management Module



চিত্র-৫৮: আরপিসিএল-এর ইআরপি সফটওয়্যার

### ৫। Power Plant's CCTV remote monitoring from head office

আরপিসিএল-এর ময়মনসিংহ ও রাউজান বিদ্যুৎ কেন্দ্রের সিসিটিভি ক্যামেরা সদর দপ্তর হতে মনিটরিং করা সম্ভব। গাজীপুর বিদ্যুৎ কেন্দ্রে স্থাপন কাজ চলমান।

### ৬। Video Conferencing among the Power Plants

আরপিসিএল-এ ভিডিও কনফারেন্স সামগ্রী সরবরাহের জন্য কার্যাদেশ ইস্যু করা হয়েছে। এটি বাস্তবায়িত হলে সকল বিদ্যুৎ কেন্দ্রের সঙ্গে একযোগে ভিডিও কনফারেন্স করা যাবে।

### ৭। Real Time Plant Generation Information Monitoring System

আরপিসিএল-এ একটি Real-time Plant Generation Information Monitoring System স্থাপনের কাজ চলছে। এটি বাস্তবায়িত হলে সদর দপ্তর হতে তাৎক্ষণিক জেনারেশন ডাটা মনিটর করা সম্ভব হবে।